| ২৩ | মোট উপকরণ কর রেয়াত | ● এটি মোট উপকরণ কর রেয়াত এর হিসাব। কাগুজে পেশের সময় যোগফল লিখিবেন।<br>যোগফলের নিয়ম:<br>২৩ক=১০ক+১১ক+১২ক+১৩ক+১৪ক+১৫ক+১৬ক+১৭ক+ ১৮ক+১৯ক+২০ক+২১ক+২২ক<br>২৩খ=১৪খ+১৫খ+১৬খ+১৭খ+১৮খ<br>● অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে মোট উপকরণ কর মূল্য ও মোট উপকরণ কর রেয়াত এর পরিমাণ নির্ধারণ করিবে। |
| **অংশ-৫: বৃদ্ধিকারী সমন্বয় (মূল্য সংযোজন কর)** | | |
| ২৪ | সরবরাহ গ্রহীতা কর্তৃক উৎসে কর্তনের জন্য | ● আপনি যদি উৎসে কর্তনকারী হন তাহা হইলে সংশ্লিষ্ট করমেয়াদে কর্তিত সমুদয় মূসকের পরিমাণ এখানে লিখিবেন। এ জন্য আপনাকে উৎসে কর্তনযোগ্য সরবরাহের বিপরীতে গৃহীত মূসক-৬.৩ এবং আপনার ইস্যুকৃত মূসক-৬.৬ থাকিতে হইবে।<br>● অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। প্রথমে "Details" ট্যাব ক্লিক করিতে হইবে এবং একটি সাবফর্ম প্রদর্শিত হইবে। সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সরবরাহকারীর নাম, ঠিকানা এবং বিন নম্বর টাইপ করুন। পরবর্তী কলাম দুটিতে সরবরাহ মূল্য ও উৎসে কর্তিত মূসকের পরিমাণ টাইপ করুন। পরবর্তী কলাম দুটিতে করচালানপত্রের নম্বর ও তারিখ লিখিতে হইবে। যে একাউন্ট কোডের বিপরীতে কর জমা প্রদান করা হইয়াছে তার বিবরণ উল্লেখ করিতে হইবে। সাবফর্ম এ পৃথক পৃথক চালানপত্রের জন্য পৃথকলাইন ব্যবহার করুন। সাবফর্মের উৎসে কর্তিত ভ্যাটের পরিমাণ এর যোগফল শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে প্রদর্শিত হইবে।<br>● কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের উৎসে কর্তিত ভ্যাটের পরিমাণ এর যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ২৫ | ব্যাংকিং চ্যানেলে মূল্য পরিশোধিত হয় নাই এমন সরবরাহের জন্য | যদি করমেয়াদে এমন কোনো সরবরাহ থাকে যাহার মূল্য এক লক্ষ টাকার বেশি কিন্তু উহার সমুদয় অংশই নগদে পরিশোধ করিয়াছেন এবং মূসক-৬.৩ চালানের ভিত্তিতে আপনি বর্তমান দাখিলপত্রে বা পূর্বের কোনো দাখিলপত্রের মাধ্যমে রেয়াত গ্রহণ করিয়াছেন তাহা হইলে উহার মূসকের পরিমাণ এখানে লিখিতে হইবে। |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/ নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| ২৬ | ডেবিট নোটের জন্য | কোনো সরবরাহের ক্রয় মূল্য বা পরিমাণ পরিবর্তিত হইলে/ ডেবিট নোটের জন্য প্রদেয় মূসকের পরিমাণ বৃদ্ধি পাইলে যতটুকুর পরিবর্তিত হইয়াছে ততটুকুর হিসাব (মূসকের পরিমাণ) এখানে উল্লেখ করিতে হইবে। |
| ২৭ | অন্যকোনো সমন্বয় ঘটনার জন্য | ব্যবসায়ের লেনদেনের ক্ষেত্রে অনেক ধরনের সমন্বয়ের ঘটনা ঘটে। নোট ২৪, ২৫ ও ২৬ এ বর্ণিত সমন্বয় ঘটনাত্রয় ব্যতীত অন্য যেকোনো ধরনের সমন্বয় ঘটনার জন্য এ ঘরে সমন্বয়যোগ্য মোট মূসকের পরিমাণ লিখিতে হইবে এবং সমন্বয় ঘটনার বিবরণ লিখিতে হইবে।উল্লেখ্য, প্রতিটি সমন্বয় ঘটনার নিজস্বতা রহিয়াছে। উহার জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করিয়া সমন্বয় সাধন করিতে হইবে এবং সংশ্লিষ্ট দলিলাদি করদাতার অধিকারে সংরক্ষণ করিতে হইবে। |
| ২৮ | মোট বৃদ্ধিকারী সমন্বয় (২৪+২৫+ ২৬+২৭) | এটি মোট বৃদ্ধিকারী সমন্বয়ের পরিমাণ। কাগুজে দাখিলপত্র পেশের সময় নোট ২৪, ২৫, ২৬ ও ২৭ এর যোগফল এখানে লিখিবেন।<br>অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে মোট বৃদ্ধিকারী সমন্বয়ের পরিমাণ নির্ধারণ করিবে। |
| **অংশ-৬: হ্রাসকারী সমন্বয়** | | |
| ২৯ | প্রদত্ত সরবরাহ হইতে উৎসে কর্তনের জন্য | • আপনি যদি উৎসে কর্তনকারী না হন তাহা হইলে সংশ্লিষ্ট করমেয়াদে আপনার প্রদত্ত সরবরাহ হইতে কর্তিত সমুদয় মূসকের পরিমাণ এখানে লিখিবেন। এ জন্য আপনার অধিকারে উৎসে কর্তনযোগ্য সরবরাহের বিপরীতে আপনার ইস্যুকৃত মূসক-৬.৩ এবং আপনার অনুকূলে উৎসে কর্তনকারী কর্তৃক ইস্যুকৃত মূসক-৬.৬ থাকিতে হইবে। আপনি নিজে উৎসে কর্তনকারী হইলে আপনাকে আর এই ঘর পূরণ করিতে হইবে না কারণ অন্যকোনো উৎসে কর্তনকারী আপনার সরবরাহ হইতে উৎসে কর্তন করিবে না।<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। প্রথমে "Details" ট্যাব ক্লিক করিতে হইবে এবং একটি সাবফর্ম প্রদর্শিত হইবে। সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সরবরাহকারীর নাম, ঠিকানা এবং বিন নম্বর টাইপ করুন। পরবর্তী কলাম দুটিতে সরবরাহ মূল্য ও উৎসে কর্তিত মূসকের পরিমাণ টাইপ করুন। পরবর্তী কলাম দুটিতে করচালানপত্রের নম্বর ও তারিখ লিখিতে হইবে। যে একাউন্ট কোডের বিপরীতে কর জমা প্রদান করা হইয়াছে তার বিবরণ উল্লেখ করিতে হইবে। সাবফর্ম এ পৃথক পৃথক চালানপত্রের জন্য পৃথক লাইন ব্যবহার করুন। সাবফর্মের উৎসে কর্তিত ভ্যাটের পরিমাণ এর যোগফল শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে প্রদর্শিত হইবে। |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/ নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| | | • কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের উৎসে কর্তিত ভ্যাটের পরিমাণ এর যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ৩০ | আমদানি পর্যায়ে প্রদেয় আগাম কর | • আমদানি পর্যায়ে প্রদেয় আগাম কর এর পরিমাণ উক্ত নোটে লিখিতে হইবে।<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। প্রথমে "Details" ট্যাব ক্লিক করিতে হইবে এবং একটি সাবফর্ম প্রদর্শিত হইবে। সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। বিল অব এন্ট্রির নম্বর, তারিখ, সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন / হাউসের নাম, প্রদেয় অগ্রিম মূল্য সংযোজন কর এর পরিমাণ পৃথক পৃথক কলামে উল্লেখ করিতে হইবে। সাবফর্ম এ পৃথক পৃথক বিল অব এন্ট্রির জন্য পৃথক লাইন ব্যবহার করুন। সাবফর্মের আমদানি পর্যায়ে প্রদেয় অগ্রিম মূল্য সংযোজন কর এর পরিমাণ এর যোগফল শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে প্রদর্শিত হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের আমদানি পর্যায়ে প্রদেয় অগ্রিম মূল্য সংযোজন কর এর যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ৩১ | রপ্তানিকৃত কাঁচামালের বিপরীতে প্রদেয় মূল্য সংযোজন কর | • রপ্তানিকৃত কাঁচামালের বিপরীতে যে উপকরণ ব্যবহার করা হইয়াছে, সেই উপকরণ ক্রয়ের বিপরীতে প্রদেয় মূল্য সংযোজন কর এর পরিমাণ এখানে উল্লেখ করিতে হইবে। |
| ৩২ | ক্রেডিট নোট ইস্যুর জন্য | বিক্রয়ের পর সরবরাহের কিছু অংশ ফেরত আসিলে/সরবরাহের মূল্য পরিবর্তিত হইলে/ক্রেডিট নোটের জন্য প্রদেয় মূসকের পরিমাণ হ্রাস পাইলে ঘটনার সাথে সংশ্লিষ্ট সরবরাহের যতটুকুর সংশ্লেষ রহিয়াছে ততটুকুর হিসাব (মূসকের পরিমাণ) এখানে আসিবে। |
| ৩৩ | অন্যকোনো সমন্বয় ঘটনার জন্য | ব্যবসায়ের লেনদেনের ক্ষেত্রে অনেক ধরনের সমন্বয়ের ঘটনা ঘটে। নোট ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩ বর্ণিত সমন্বয় ঘটনাত্রয় ব্যতীত অন্য যেকোনো ধরনের সমন্বয় ঘটনার জন্য এ ঘরে সমন্বয়যোগ্য মোট মূসকের পরিমাণ লিখিতে হইবে এবং সমন্বয় ঘটনার বিবরণ লিখিতে হইবে। উল্লেখ্য, প্রতিটি সমন্বয় ঘটনার নিজস্বতা রহিয়াছে। উহার জন্য প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করিয়া সমন্বয় সাধন করিতে হইবে এবং সংশ্লিষ্ট দলিলাদি করদাতার অধিকারে সংরক্ষণ করিতে হইবে। |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/ নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| ৩৪ | মোট হ্রাসকারী সমন্বয় (২৯+৩০+৩১+৩২+৩৩) | এটি মোট হ্রাসকারী সমন্বয়ের পরিমাণ। কাগুজে দাখিলপত্র পেশের সময় নোট ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩ এর যোগফল এখানে লিখিবেন। অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে মোট হ্রাসকারী সমন্বয়ের পরিমাণ নির্ধারণ করিবে। |
| **অংশ-৭: নীট কর হিসাব** | | |
| ৩৫ | বর্তমান করমেয়াদে প্রদেয় মোট মূসক (সমাপনী জের এর সহিত সমন্বয় ব্যতীত) (৯গ-২৩খ+২৮-৩৪) | • এটি সমাপনী জের এর সহিত সমন্বয় ব্যতীত বর্তমান করমেয়াদে প্রদেয় মোট মূসক এর হিসাব।<br>• কাগুজে পেশের সময় যোগফল লিখিবেন।<br>যোগফলের নিয়ম:<br>৩৫=৯গ-২৩খ+২৮-৩৪<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে পরিমাণ নির্ধারণ করিবে। |
| ৩৬ | সমাপনী জের এর সহিত সমন্বয়ের পর বর্তমান করমেয়াদে প্রদেয় মোট মূসক | • এটি সমাপনী জের এর সহিত সমন্বয়ের পর বর্তমান করমেয়াদে প্রদেয় মোট মূসক এর হিসাব।<br>• কাগুজে পেশের সময় যোগফল লিখিবেন।<br>যোগফলের নিয়ম: ৩৬ = ৩৫-৫০<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে পরিমাণ নির্ধারণ করিবে। অনলাইনে পূরণের ক্ষেত্রে আগে নোট নম্বর ৫১ আগে পূরণ করিতে হইবে। |
| ৩৭ | বর্তমান করমেয়াদে প্রদেয় মোট সম্পূরক শুল্ক (সমাপনী জের এর সহিত সমন্বয় ব্যতীত) | • এটি সমাপনী জের এর সহিত সমন্বয় ব্যতীত বর্তমান করমেয়াদে প্রদেয় মোট সম্পূরক শুল্ক এর হিসাব।<br>• কাগুজে পেশের সময় যোগফল লিখিবেন।<br>যোগফলের নিয়ম:৩৭ = ৯খ+৩৯-৪০-৪১<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে পরিমাণ নির্ধারণ করিবে। অনলাইনে পূরণের ক্ষেত্রে আগে নোট নম্বর ৪০,৪১ ও ৪২ আগে পূরণ করিতে হইবে। |
| ৩৮ | সমাপনী জের এর সহিত সমন্বয়ের পর বর্তমান করমেয়াদে প্রদেয় মোট সম্পূরক শুল্ক | • এটি সমাপনী জের এর সহিত সমন্বয়ের পর বর্তমান কর মেয়াদে প্রদেয় মোট সম্পূরক শুল্ক এর হিসাব।<br>• কাগুজে পেশের সময় যোগফল লিখিবেন।<br>যোগফলের নিয়ম: ৩৮ = ৩৭-৫১<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে পরিমাণ নির্ধারণ করিবে। অনলাইনে পূরণের ক্ষেত্রে আগে নোট নম্বর ৫২ আগে পূরণ করিতে হইবে। |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/ নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| ৩৯ | ডেবিট নোট ইস্যুর জন্য সমন্বয়কৃত সম্পূরক শুল্ক | • কোনো সরবরাহের ক্রয় মূল্য বা পরিমাণ পরিবর্তিত হইলে/ ডেবিট নোটের জন্য প্রদেয় সম্পূরক শুল্ক এর পরিমাণ বৃদ্ধি পাইলে যতটুকুর পরিবর্তিত হইয়াছে ততটুকুর হিসাব (সম্পূরক শুল্ক এর পরিমাণ) এখানে উল্লেখ করিতে হইবে। |
| ৪০ | ক্রেডিট নোট ইস্যুর জন্য সমন্বয়কৃত সম্পূরক শুল্ক | • বিক্রয়ের পর সরবরাহের কিছু অংশ ফেরত আসিলে/ সরবরাহের মূল্য পরিবর্তিত হইলে/ ক্রেডিট নোটের জন্য প্রদেয় সম্পূরক শুল্কের পরিমাণ হ্রাস পাইলে ঘটনার সাথে সংশ্লিষ্ট সরবরাহের যতটুকুর সংশ্লেষ রহিয়াছে ততটুকুর হিসাব (সম্পূরক শুল্কের পরিমাণ) এখানে আসিবে। |
| ৪১ | রপ্তানিকৃত কাঁচামালের বিপরীতে প্রদেয় সম্পূরক শুল্ক | • রপ্তানিকৃত কাঁচামালের বিপরীতে যে উপকরণ ব্যবহার করা হইয়াছে, সেই উপকরণ ক্রয়ের বিপরীতে প্রদেয় সম্পূরক শুল্ক এর পরিমাণ এখানে উল্লেখ করিতে হইবে। |
| ৪২ | অপরিশোধিত মূসকের জন্য সুদ | • অপরিশোধিত মূসকের জন্য হিসাবকৃত সুদ এর পরিমাণ উক্ত নোট এ লিখিতে হইবে। |
| ৪৩ | অপরিশোধিত সম্পূরক শুল্ক এর জন্য সুদ | • অপরিশোধিত সম্পূরক শুল্কের জন্য হিসাবকৃত সুদ এর পরিমাণ উক্ত নোট এ লিখিতে হইবে। |
| ৪৪ | অর্থদন্ড ও জরিমানা | • উক্ত করমেয়াদে আরোপকৃত অর্থদন্ড ও জরিমানার পরিমাণ এখানে উল্লেখ করিতে হইবে। |
| ৪৫ | আবগারি শুল্ক | • নিবন্ধিত করদাতাদের কেউ কেউ আবগারি শুল্ক আদায় করেন। এখানে করদাতা সংশ্লিষ্ট করমেয়াদের আদায়কৃত আবগারি শুল্কের মোট পরিমাণ লিখিবেন। |
| ৪৬ | উন্নয়ন সারচার্জ | • কোনো কোনো করদাতা মূসকের পাশাপাশি উন্নয়ন সারচার্জ আদায় করেন। যে সকল করদাতাদের উন্নয়ন সারচার্জ আদায়ের দায়িত্ব দেয়া আছে তাহারা এখানে সংশ্লিষ্ট করমেয়াদে আদায়কৃত উন্নয়ন সারচার্জের পরিমাণ লিখিবেন। |
| ৪৭ | তথ্য প্রযুক্তি উন্নয়ন সারচার্জ | • কোনো কোনো করদাতা মূসকের পাশাপাশি তথ্যপ্রযুক্তি উন্নয়ন সারচার্জ আদায় করেন। যে সকল করদাতাদের তথ্য প্রযুক্তি উন্নয়ন সারচার্জ আদায়ের দায়িত্ব দেওয়া আছে তাহারা এখানে সংশ্লিষ্ট করমেয়াদে আদায়কৃত তথ্যপ্রযুক্তি উন্নয়ন সারচার্জের পরিমাণ লিখিবেন। |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/ নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| ৪৮ | স্বাস্থ্য সুরক্ষা সারচার্জ | • কোনো কোনো করদাতা মূসকের পাশাপাশি স্বাস্থ্য সুরক্ষা সারচার্জ আদায় করেন। যে সকল করদাতাদের স্বাস্থ্য সুরক্ষা সারচার্জ আদায়ের দায়িত্ব দেয়া আছে তাহারা এখানে সংশ্লিষ্ট করমেয়াদে আদায়কৃত স্বাস্থ্য সুরক্ষা সারচার্জের পরিমাণ লিখিবেন। |
| ৪৯ | পরিবেশ সুরক্ষা সারচার্জ | • কোনো কোনো করদাতা মূসকের পাশাপাশি পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায় করেন। যে সকল করদাতাদের পরিবেশ সুরক্ষা সারচার্জ আদায়ের দায়িত্ব দেয়া আছে তাহারা এখানে সংশ্লিষ্ট করমেয়াদে আদায়কৃত পরিবেশ সুরক্ষা সারচার্জের পরিমাণ লিখিবেন। |
| ৫০ | শেষ করমেয়াদের সমাপনী জের (মূল্য সংযোজন কর) | • কাগুজে দাখিলের ক্ষেত্রে করদাতার শেষ করমেয়াদের সমাপনী জের (মূল্য সংযোজন কর) উক্ত নোটে বসাতে হইবে।<br>• অনলাইনে দাখিলের ক্ষেত্রে, প্রথম মাসের ক্ষেত্রে শেষ করমেয়াদের সমাপনী জের (মূল্য সংযোজন কর) উক্ত নোটে বসাতে হইবে, পরবর্তীতে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে হিসাব করবে। |
| ৫১ | শেষকর মেয়াদের সমাপনী জের (সম্পূরক শুল্ক) | • কাগুজে দাখিলের ক্ষেত্রে করদাতার শেষ করমেয়াদের সমাপনী জের (সম্পূরক শুল্ক) উক্ত নোটে বসাতে হইবে।<br>• অনলাইনে দাখিলের ক্ষেত্রে, প্রথম মাসের ক্ষেত্রে শেষ করমেয়াদের সমাপনী জের (সম্পূরক শুল্ক) উক্ত নোটে বসাতে হইবে, পরবর্তীতে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে হিসাব করবে। |
| **অংশ-৮: কর পরিশোধের তফসিল(ট্রেজারী জমা)** | | |
| ৫২ | বর্তমান করমেয়াদে পরিশোধিত মোট মূসক | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। প্রথমে "Details" ট্যাব ক্লিক করিতে হইবে এবং একটি সাবফর্ম প্রদর্শিত হইবে। সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। প্রথমে মূসক পরিশোধের চালান নম্বর এবং তারিখ টাইপ করুন। পরবর্তী দুটি কলামে একাউন্ট কোডও জমাকৃত মূসকের পরিমাণ উল্লেখ করিতে হইবে। সাবফর্ম এ পৃথক পৃথক চালানের জন্য পৃথক লাইন ব্যবহার করুন। সাবফর্মের পরিশোধিত মূসকের যোগফল শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে প্রদর্শিত হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/ নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| | | • অপারেশনাল কোডের ক্ষেত্রে আপনি যে কমিশনারেটের আওতায় নিবন্ধিত সেই কমিশনারেটের অপারেশনাল কোড ব্যবহার করিতে হইবে। বিভিন্ন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের অপারেশনাল কোড নিম্নরূপ:<br>(১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা: ***০০০১***<br>(২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর: ***০০০৫***<br>(৩) বৃহৎ করদাতা ইউনিট-মূসক: ***০০০৬***<br>(৪) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ): ***০০১০***<br>(৫) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর): ***০০১৫***<br>(৬) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট: ***০০১৮***<br>(৭) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী: ***০০২০***<br>(৮) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম: ***০০২৫***<br>(৯) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব): ***০০৩০***<br>(১০) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম): ***০০৩৫***<br>(১১) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা: ***০০৪০***<br>(১২) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর: ***০০৪৫*** |
| ৫৩ | বর্তমান করমেয়াদে পরিশোধিত মোট সম্পূরক শুল্ক | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ৫৪ | অপরিশোধিত মূসকের জন্য সুদ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ৫৫ | অপরিশোধিত সম্পূরক শুল্ক এর জন্য সুদ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/ নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| ৫৬ | অর্থদন্ড ও জরিমানা | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূলদাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ৫৭ | আবগারি শুল্ক | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ৫৮ | উন্নয়ন সারচার্জ্ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ৫৯ | তথ্যপ্রযুক্তি উন্নয়ন সারচার্জ্ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ৬০ | স্বাস্থ্য সুরক্ষা সারচার্জ্ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |
| ৬১ | পরিবেশ সুরক্ষা সারচার্জ্ | • অনলাইনে পেশের ক্ষেত্রে মূল ফরমে কোন তথ্য পূরণের সুযোগ নাই। সাবফর্মে তথ্য প্রদানের জন্য নোট ৫২ নং এর অনুরূপ প্রক্রিয়া অনুসরণ করিতে হইবে।<br>• কাগুজে পেশের সময়, প্রথমে সাবফর্মের তথ্যগুলো পূরণ করিতে হইবে। সাবফর্মের যোগফলগুলো শুধুমাত্র মূল দাখিলপত্রে সংক্ষিপ্তসার হিসাবে পূরণ করিতে হইবে। |

| ফরম মূসক-৯.১ (মূসক দাখিলপত্র) পূরণের পদ্ধতি | | |
|---|---|---|
| ক্রমিক নং/ নোট | বিষয় | পূরণের পদ্ধতি |
| **অংশ-৯: সমাপনী জের** | | |
| ৬২ | সমাপনী জের (মূল্য সংযোজন কর) | • এটি করদাতার পরবর্তী করমেয়াদের মূল্য সংযোজন করের প্রারম্ভিক জেরের হিসাব। কাগুজে পেশের সময় বিয়োগফল লিখিবেন।<br>বিয়োগফলের নিয়ম:<br>৬২ = ৫২-৩৬<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে করদাতার পরবর্তী করমেয়াদের মূল্য সংযোজন করের প্রারম্ভিক জেরের পরিমাণ নির্ধারণ করিবে। |
| ৬৩ | সমাপনী জের (সম্পূরক শুল্ক) | • এটি করদাতার পরবর্তী করমেয়াদের সম্পূরক শুল্কের প্রারম্ভিক জেরের হিসাব।<br>• কাগুজে পেশের সময় বিয়োগফল লিখিবেন।<br>• বিয়োগফলের নিয়ম: ৬৩= ৫৩-৩৮।<br>• অনলাইনে পেশের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রীয়ভাবে করদাতার পরবর্তী করমেয়াদের সম্পূরক শুল্ক এর প্রারম্ভিক জেরের পরিমাণ নির্ধারণ করিবে। |
| **অংশ-১০: ফেরত** | | |
| | ফেরত | করদাতা সমাপনী জেরে উল্লিখিত অর্থ ফেরৎ গ্রহণে ইচ্ছুক হলে হ্যাঁ নির্বাচন করবেন। |
| **অংশ-১১: ঘোষণা** | | |
| | ঘোষণা ও স্বাক্ষর | কাগুজে পেশের ক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তাহার নাম, পদবি, তারিখ, মোবাইল নম্বর ও ইমেইল উল্লেখ করিয়া স্বাক্ষর করিবেন।<br>অনলাইনে পেশের ক্ষেত্রে করদাতার নাম, পদবি, তারিখ, মোবাইল নম্বর ও ইমেইল এড্রেস রেজিস্ট্রেশনে প্রদত্ত ডাটাবেস থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শন করবে। যদি ফরম দাখিলকারী ব্যক্তি ভিন্ন হয়ে থাকেন, তবে, উক্ত তথ্য সংশোধন করে যথাযথ তথ্য উল্লেখ করিয়া দাখিলপত্র পেশ করিবেন। |

”;

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(ড. আব্দুল মান্নান শিকদার)**
সদস্য (মূসক নীতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস.আর.ও. নং-২২৭-আইন/২০১৯/৬৩-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৭২-আইন/২০১৯/২৯-মূসক, এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল-১ (আমদানি পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 39.07 এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| “39.07 | 3907.69.10 | Poly ethylene terephthalate (imported by VAT registered textile yarn manufacturer)”; |

(খ) টেবিল-২ (আমদানি ও উৎপাদন পর্যায়) এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) 84.24 এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত H.S Code 8424.82.00 ও 8424.89.00 এর পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং H.S Code প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | |
|---|---|
| “84.24 | 8424.41.10 |
| | 8424.41.90 |
| | 8424.49.00 ”। |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি)
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২২৮-আইন/২০১৯/৬৪-মূসক।—** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১২৬ এর উপ-ধারা (১), ধারা ১৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৯/৩০-মূসক, এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনায় উল্লিখিত "এর সরবরাহ পর্যায়ে এবং উহার প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) অব্যাহতির বিধান কার্যকরকরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালনীয় হইবে, যথা:-" শব্দসমূহ ও চিহ্নসমূহের পরিবর্তে "উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর এবং উহার প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হইল, যথা:-" শব্দসমূহ ও চিহ্নসমূহ প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি)
সিনিয়র সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২২৯-আইন/২০১৯/৬৫-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 85.17 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ (H.S. Code) কোডের আওতাধীন কলাম (3) এ বর্ণিত মোবাইল টেলিফোন সেট বা সেলুলার ফোন, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর

(ক) স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ আমদানির ক্ষেত্রে আমদানি পর্যায়ে নিম্নবর্ণিত টেবিল-১ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত);

(খ) কেবল স্থানীয় উৎপাদন পর্যায়ে নিম্নবর্ণিত টেবিল-২ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৩ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর; এবং

(গ) কেবল স্থানীয় উৎপাদন পর্যায়ে নিম্নবর্ণিত টেবিল-৩ এর শর্তাবলী পরিপালন সাপেক্ষে উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর,

হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

<u>**টেবিল-১**</u>

| |
|---|
| (ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নিকট হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে; |
| (খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে উৎপাদনের নিবন্ধন গ্রহণ করিতে হইবে; |
| (গ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম পার্টস বা যন্ত্রাংশ, যেমন- Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing & Casing উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে এবং তদ্‌লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি উহার কারখানা প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে; |

(ঘ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী, যেমন- Solder Paste Printer, Pick & Place Machine, Auto Air Wave Soldering Machine with Sprayer, Solder Paste Inspection Machine, Automatic Optical Inspection Machine, Reflow Oven Machine, Temperature and Humidity Tester, Mobile Phone Network Testing Machine, PCB Manufacturing Project, Flying Probe Testing Machine, High Voltage Universal Grid Tester, Cutting Machine, V-Cut Machine, Drilling Machine, Routing Machine, DES (Developing, Etching & Stripping) Line, Direct Metallization Line এবং Effluent Treatment Plant (ETP) থাকিতে হইবে;

(ঙ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

(চ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে কোন সময় কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা ন্যূনতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে;

(ছ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (চ) এ উল্লিখিত শর্তাদি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

**টেবিল-২**

(ক) মোবাইল ফোন সংযোজনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম পার্টস বা যন্ত্রাংশ, যেমন- Printed Circuit Board Assembling (PCBA), Charger ও Battery উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে এবং তদ্‌লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি উহার কারখানা প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;

(গ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী, যেমন- Automatic Screw Feeder, Window Press Machine/Hot Bar Machine, Auto Sealer/Shrink Wrap Machine, UHF Temperature Cell, Shield Box, Display Color Analyzer, Vibrational Measuring Machine, Battery module Quick charger System, Radiation & GPS Signal Analyzing Machine, WLAN Testing Machine, Audio signal Checking machine, Wireless communications testing Machine, Signal Analyzer, Battery leakage inspection machine, Electric current measurement machine, Network Testing Machine / Mobile Phone Network Testing Machine, Temperature & Humidity Tester থাকিতে হইবে;

(গ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানে যে কোন সময় কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা ন্যূনতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে;

(ঘ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (গ) এ উল্লিখিত শর্তাদি প্রতিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

**টেবিল-৩**

(ক) মোবাইল ফোন সংযোজনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী, যেমন- Automatic Screw Feeder, Window Press Machine/Hot Bar Machine, Auto Sealer/Shrink Wrap Machine, UHF Temperature Cell, Shield Box, Display Color Analyzer, Vibrational Measuring Machine, Battery module Quick charger System, Radiation & GPS Signal Analyzing Machine, WLAN Testing Machine, Audio signal Checking machine, Wireless communications testing Machine, Signal Analyzer, Battery leakage inspection machine, Electric current measurement machine, Network Testing Machine / Mobile Phone Network Testing Machine, Temperature & Humidity Tester থাকিতে হইবে;

(গ) উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানে যে কোন সময় কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা ন্যূনতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে;

(ঘ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য সংযোজনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (গ) এ উল্লিখিত শর্তাদি প্রতিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক, আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে।

(২) টেবিল-১, টেবিল-২ অথবা টেবিল-৩ এর শর্তাধীনে উক্ত পণ্য উৎপাদনের লক্ষ্যে নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

**কমিটি:**

(ক) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;
(খ) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
(গ) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা;

(৩) বর্ণিত কমিটি, কমিটি গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উক্ত পণ্য উৎপাদনকারী বা সংযোজনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডের নিকট দাখিল করিবে এবং উক্ত বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে, প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, বিষয়টি নিষ্পত্তি করিবে এবং বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর অনুমোদনের তারিখ হইতে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রদান করা হইবে;

(৪) এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে;

(৫) অনুচ্ছেদ ১ এর শর্তাবলী পূরণ সাপেক্ষে, অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ (৪) এর বিধানাবলী পরিপালন করিতে ব্যর্থ হইলে অব্যাহতি বা রেয়াতি সুবিধা প্রাপ্য হইবে না;

(৬) এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি বা রেয়াতি সুবিধা ভোগকারী কোন প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা তাহা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড যে কোন সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে এবং উক্ত অনুসন্ধানের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপনের কোন শর্ত প্রতিপালিত হইতেছে না মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট উৎপাদনকারী বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং প্রদত্ত অব্যাহতি বা রেয়াতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হইবে;

(৭) টেবিল-২ ও টেবিল-৩ এর শর্তাবলী পূরণ সাপেক্ষে এই প্রজ্ঞাপনের আওতায় কোন প্রতিষ্ঠান রেয়াতি সুবিধা প্রাপ্য হইলেও উক্ত সুবিধা প্রাপ্তির ৬ (ছয়) মাসের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক SMT Line ও তদ্‌সংশ্লিষ্ট মেশিনারিজ যথা:- Solder Paste Printer, Pick & Place Machine, Auto Air Wave Soldering, Solder Paste Inspection Machine, Automatic Optical Inspection Machine, Reflow Oven Machine, ইত্যাদি স্থাপন করিয়া জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিতে হইবে এবং উক্ত কমিটি সরেজমিনে পরিদর্শনক্রমে শর্ত প্রতিপালনের যথার্থতা সম্পর্কে নিশ্চিত না হইলে উক্তরূপে প্রদত্ত রেয়াতি সুবিধা মেয়াদান্তে রহিত হইবে।

২। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০২০ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং ইতোপূর্বে জারীকৃত প্রজ্ঞাপন এসআরও নং- ১৭৭-আইন/২০১৯/৩৪-মূসক, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এতদ্‌দ্বারা রহিত করা হইল।

**পরিশিষ্ট-ক**

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক সংখ্যা | পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code) | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ) | সরবরাহ/ বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+ শুল্ক+ সম্পূরক শুল্ক+ এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/ আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয় সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থণে প্রমাণিক দলিলাদি এই ঘোষণা পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখাতিয়ারে রহিয়াছে।

৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উল্লিখিত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

**নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি)
সিনিয়র সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩০-আইন/২০১৯/৬৬-মূসক।—** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ **(**২০১২ সনের ৪৭ নং আইন**)**, অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১২৬ এর উপ-ধারা (১), ধারা ১৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৭৯-আইন/২০১৯/৩৬-মূসক, এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনায় উল্লিখিত "স্থানীয় উৎপাদন পর্যায়ে" শব্দসমূহের পর "আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর" শব্দসমূহ সন্নিবেশিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি)
সিনিয়র সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩১-আইন/২০১৯/৬৭-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৫৮, ধারা ১৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি-৪ এর উপ-বিধি (১) এর টেবিলের কলাম ১ এর শিরোনামায় উল্লিখিত "স্তর" শব্দের পরিবর্তে "মূল্যস্তর" এবং কলাম ২ এর "মূল্য" শব্দের পরিবর্তে "সম্পূরক শুল্ক হার (%)" শব্দসমূহ ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)**
প্রথম সচিব (মূসক নীতি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩২-আইন/২০১৯/৬৮-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৭৮ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড অত্র বিভাগের ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৮৪-আইন/২০১৯/৪১-মূসক, এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং ২৮ এর পর নিম্নরূপ নূতন ক্রমিক ২৯ ও ৩০ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“

| | | |
|---|---|---|
| ২৯। | মহাপরিচালক, পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা। | মহাপরিচালক, পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা। |
| ৩০। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। | মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা। |

”।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(ড. আব্দুল মান্নান শিকদার)**
সদস্য (মূসক নীতি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩৩-আইন/২০১৯/৬৯-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৫৮ এর উপ-ধারা (২), ধারা ১৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, অত্র বিভাগের ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৮৫-আইন/২০১৯/৪২-মূসক, এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর পর নিম্নরূপ নূতন বিধান সংযোজিত হইবে, যথা:-

"২। উপরি-উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত পণ্যসামগ্রীর স্থানীয় পর্যায়ে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক কলাম (৪) এ উল্লিখিত সর্বোচ্চ খুচরা মূল্যের উপর প্রযোজ্য হারে উৎপাদনস্থল হইতে সরবরাহের সময় পরিশোধ করিতে হইবে।"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(ড. আব্দুল মান্নান শিকদার)**
সদস্য (মূসক নীতি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩৪-আইন/২০১৯/৭০-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৩২ক তে প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, অত্র বিভাগের ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৮৬-আইন/২০১৯/৪৩-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত-

(ক) শিরনামা সংখ্যা S০৩৭, S০৪৮, S০৪৯ ও S০৭২ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে, নিম্নরূপ শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| "S০৩৭ | S০৩৭.০০ | **যোগানদার (Procurement Provider):**<br>**ব্যাখ্যা।-** "যোগানদার" অর্থ কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোনো মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানির নিকট পণ্যের বিনিময়ে অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ ব্যতীত অন্য যে কোনো পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। |
| S০৪৮ | S০৪৮.০০ | **পরিবহন ঠিকাদার:**<br>**ব্যাখ্যা।-** "পরিবহন ঠিকাদার" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণ্যের বিনিময়ে কোনো সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য |

কোনো আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের (Post Secondary) শিক্ষা প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানিতে, তালিকাভুক্ত হউক বা না হউক, পণ্যের বিনিময়ে যে কোনো পণ্য পরিবহনপূর্বক গন্তব্যস্থলে পৌঁছানোর দায়িত্ব পালন করেন।

S০৪৯ S০৪৯.০০ **যানবাহন ভাড়া প্রদানকারী:**

**ব্যাখ্যা।-** "যানবাহন ভাড়া প্রদানকারী" অর্থ এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা বাণিজ্যিক ভিত্তিতে পণের বিনিময়ে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা (এনজিও), ব্যাংক, বীমা বা অন্য কোনো আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের (Post Secondary) শিক্ষা প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানিকে, কার (ট্যাক্সিক্যাব ব্যতীত), জীপ, মাইক্রোবাস, বাস, কোস্টার, মিনিবাস, ট্রেন, লঞ্চ, স্পীডবোট, ট্রলার বা অনুরূপ যে কোনো নামের বা ধরনের স্থলযান বা জলযান ভাড়া প্রদান করেন।

S০৭২ ০৭২.০০ **মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান:**

**ব্যাখ্যা।-** "মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা" অর্থ কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোনো মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান ও কোনো লিমিটেড কোম্পানিকে সুনির্দিষ্ট কাজ সম্পাদনের বা সামগ্রিক ব্যবস্থাপনার লক্ষ্যে চুক্তির ভিত্তিতে পণের বিনিময়ে দক্ষ, অদক্ষ জনশক্তি সরবরাহ বা দাপ্তরিক সেবা প্রদানকারী কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং শ্রম হ্যান্ডলিং বা শ্রমিক ঠিকাদার প্রতিষ্ঠান বা শ্রমিক সরবরাহকারী প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।";

(খ) শিরনামা সংখ্যা S০৭৯ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(গ) শিরনামা সংখ্যা S০৭৮ এবং উহাদের বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত সেবার কোড ও এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| "S০৮০ | S০৮০.০০ | **রাইড শেয়ারিং:**<br>**ব্যাখ্যা।-** "রাইড শেয়ারিং" অর্থ কোনো ইন্টারনেট বা ওয়েব বা অনলাইন প্লাটফর্ম বা মোবাইল বা অন্য কোনো ইলেক্ট্রনিক অ্যাপ্লিকেশন ব্যবহার করিয়া ব্যক্তি মালিকানাধীন মোটরযানের মাধ্যমে প্রদত্ত কোনো যাত্রী পরিবহন সেবা।"; |

(ঘ) শিরনামা সংখ্যা S০৯৯ ও সেবার কোড S০৯৯.৫০ এবং উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা, সেবার কোড ও এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| "S০৯৯ | S০৯৯.৬০ | **অনলাইনে পণ্য বিক্রয়:**<br>**ব্যাখ্যা।-** "অনলাইনে পণ্য বিক্রয়" অর্থ ইলেক্ট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে সেই সকল পণ্য ও সেবার ক্রয়-বিক্রয়কে বুঝাইবে যাহা ইতোপূর্বে কোনো উৎপাদনকারী বা সেবা প্রদানকারীর নিকট হইতে মূসক পরিশোধপূর্বক গৃহীত হইয়াছে এবং যাহাদের নিজস্ব কোনো বিক্রয়কেন্দ্র নাই।"। |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(মোঃ তারেক হাসান)**
দ্বিতীয় সচিব (মূসক নীতি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩৫-আইন/২০১৯/৭১-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ৪৯, ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উৎসে মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার –

(ক) বিধি-২ এর দফা (খ) এ উল্লিখিত "শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানি এবং ১ (এক) কোটি টাকার অধিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠানকে" শব্দসমূহ, সংখ্যা ও চিহ্নের পরিবর্তে "শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানিকে" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি-৩ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) সকল নিবন্ধিত সরবরাহকারী কর্তৃক টেন্ডার, চুক্তি, কার্যাদেশ বা অন্যবিধভাবে অব্যাহতি প্রাপ্ত বা শূন্যহার বিশিষ্ট নহে এইরূপ পণ্য বা সেবা সরবরাহের ক্ষেত্রে উৎসে কর্তনকারী সত্তা উক্ত সরবরাহকারীর নিকট পরিশোধযোগ্য পণ্য হইতে নিম্নরূপে মূসক উৎসে কর্তন করিবে, যথা:-

(ক) সরবরাহকারী ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক আরোপিত রহিয়াছে এইরূপ কোনো পণ্য বা সেবা, উক্ত হার উল্লেখপূর্বক ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে, সেইক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না;

(খ) সরবরাহকারী হ্রাসকৃত হারে মূসক বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এইরূপ পণ্য বা সেবা, ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে, উৎসে কর্তনকারী সত্তা পরিশোধযোগ্য পণ্য হইতে সমুদয় মূসক বা সুনির্দিষ্ট কর উৎসে কর্তন করিবে।";

(গ) বিধি-৮ এর দফা (গ) এ উল্লিখিত "শিক্ষা প্রতিষ্ঠান, কোনো লিমিটেড কোম্পানি এবং ১ (এক) কোটি টাকার অধিক টার্নওভারযুক্ত প্রতিষ্ঠান এর" শব্দসমূহ, সংখ্যা ও চিহ্নসমূহের পরিবর্তে "শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানির" শব্দসমূহ প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)**
প্রথম সচিব (মূসক নীতি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩৬-আইন/২০১৯/৭২-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি ২ এর-

(অ) দফা (ঘ) এ উল্লিখিত "উর্ধ্বে" শব্দটি বিলুপ্ত হইবে;

(আ) দফা (ঙ) তে উল্লিখিত "সর্বোচ্চ" শব্দটি বিলুপ্ত হইবে এবং "আয়তনের" শব্দটির পরে "উর্ধ্বে" শব্দটি সন্নিবেশিত হইবে;

(খ) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৭। **ইট পোড়ানোর অনুমতির জন্য আবেদনপত্রের সহিত মূল্য সংযোজন কর প্রত্যয়নপত্র দাখিল।**– (১) কোনো মৌসুমী ইটভাটায় ইট পোড়ানোর অনুমতির জন্য আবেদনপত্রের সহিত পূর্ববর্তী ১২ (বারো) কর মেয়াদের দাখিলপত্রের অনুলিপিসহ সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কার্যালয় কর্তৃক প্রদত্ত মূল্য সংযোজন কর পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মূল্য সংযোজন কর পরিশোধের প্রত্যয়নপত্র দাখিল করা না হইলে ইট পোড়ানোর অনুমতি প্রদান করা যাইবে না।

(৩) পূর্ববর্তী করমেয়াদে বকেয়াসহ সমুদয় কর পরিশোধের প্রমাণ আবেদন পত্রের সহিত সংযুক্ত না থাকিলে ইউনিয়ন পরিষদ বা, প্রযোজ্য ক্ষেত্রে, পৌরসভা, জেলা প্রশাসক, জেলা পরিষদ, পরিবেশ অধিদপ্তর ইট পোড়ানোর জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন না।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর ব্যত্যয় ঘটিলে অনুমোদনকারী ব্যক্তি অপরিশোধিত কর আদায়ে সহযোগিতা না করিবার দায়ে দায়বদ্ধ হইবেন।"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)**
প্রথম সচিব (মূসক নীতি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩৭-আইন/২০১৯/৭৩-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৭খ, ধারা ১৩৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, শিপ ব্রেকিং ইয়ার্ড থেকে অগ্রিম মূল্য সংযোজন কর আদায় সংক্রান্ত (বিশেষ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

(ক) বিধি-১ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "থেকে" শব্দটির পরিবর্তে "হইতে" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) বিধি-৪ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে সংগৃহীত শিপ ভাঙ্গিয়া উৎপাদিত স্ক্র্যাপ/শিপ স্ক্র্যাপের উপর আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর শর্তাংশ মোতাবেক তৃতীয় তফসিলের টেবিল-৪ এ উল্লিখিত পরিমাণ সুনির্দিষ্ট কর আরোপযোগ্য হইবে।";

(গ) বিধি-৫ এর উপ-বিধি (১) এর-

(অ) দফা (খ) এ উল্লিখিত "এ উল্লিখিত মূল্যের ভিত্তিতে" শব্দসমূহের পরিবর্তে "মোতাবেক" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(গ) বিভাগীয় কর্মকর্তা শিপে বাহিত পণ্যের ন্যায্য বাজারমূল্যের উপর প্রদেয় ব্যবসায়ী পর্যায়ের প্রযোজ্য মূসক আদায় করিবেন;";

(ঘ) "ফরম-ক" এর ক্রমিক নং-৪ ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং-৪ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৪। শিপ এর ওজন এবং শিপে বাহিত পণ্যের সুনির্দিষ্ট পরিমাণ, বিবরণ ও মূল্য ".

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(ড. আব্দুল মান্নান শিকদার)**
সদস্য (মূসক নীতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩৮-আইন/২০১৯/৭৪-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ১৩০ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঙ) মূল্য সংযোজন কর বিভাগে জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেডের নিম্নে নহেন এমন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসর কাজ করিবার অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন চার্টার্ড অ্যাকাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারীগণকে পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত আবেদন যথাযথ প্রাপ্তি সাপেক্ষে মূসক পরামর্শক লাইসেন্স প্রদান করা যাইবে।"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(মোঃ তারেক হাসান)**
দ্বিতীয় সচিব (মূসক নীতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৩৯-আইন/২০১৯/৭৫-মূসক।-** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে বিধৃত ক্ষেত্রসমূহে উহাদের উপর আরোপণীয় আগাম কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(ক) সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, জাতিসংঘভুক্ত সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি ও সংস্থা এবং আইন ও চুক্তিপত্রের মাধ্যমে সরকার কর্তৃক অব্যাহতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক বিক্রয়/হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য;

(খ) Customs Act, 1969 (Act IV of 1969) এর section 13 এর অধীনে বন্ড লাইসেন্স বা বন্ড রেজিস্ট্রেশনপ্রাপ্ত সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান, প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ও ডিপ্লমেটিক বন্ডেড ওয়্যার হাউস কর্তৃক বন্ড লাইসেন্সের আওতায় আমদানিকৃত পণ্য;

(গ) Presidents (Remuneration and Previliges) Act, 1975 অনুসারে রাষ্ট্রপতির নামে আমদানিকৃত পণ্য;

(ঘ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৬১-আইন/৯২/ ১৪৪৪/শুল্ক, তারিখ: ১৭/০৩/১৯৯২ খ্রিস্টাব্দ এর আওতায় ত্রাণ হিসেবে আমদানিকৃত পণ্য;

(ঙ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৩৬-আইন/৯৩/ ১৫০২/শুল্ক, তারিখ: ১৫/০২/১৯৯৪ খ্রিস্টাব্দ এর আওতায় দৃষ্টি প্রতিবন্ধী ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য আমদানিকৃত পণ্য;

(চ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং 9(41)NBR/Cus-IV/72/246, Date: 10.04.1981 এর আওতায় Defence Store হিসেবে আমদানিকৃত পণ্য;

(ছ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদনের ভিত্তিতে সরকারি প্রকল্পের আওতায় আমদানিকৃত পণ্য;

(জ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ২০২-আইন/৯৫/ ১৬৩৯/কাস, তারিখঃ ২৮/১১/১৯৯৫ খ্রিস্টাব্দ এর আওতায় আমদানিকৃত পণ্য;

(ঝ) Cotton, not carded or combed (5201.00.00), Synthetic staple fibre, not carded, combed or otherwise processed for spinning of polyesters (5503.20.00), Artificial staple fibres, not carded, combed or otherwise processed for spinning of viscose rayon (5504.10.00) আমদানির ক্ষেত্রে;

(ঞ) সরকার অনুমোদিত বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও শুধুমাত্র বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট উপকরণ বা অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২০-আইন/২০১১/ ২৩২৭/শুল্ক, তারিখ: ২৫.০১.২০১১ খ্রিস্টাব্দ মোতাবেক আমদানিকৃত শুধুমাত্র বিদ্যুৎ উৎপাদন সংশ্লিষ্ট উপকরণ;

(ট) কোন নিবন্ধিত উৎপাদনকারী কর্তৃক Customs Act, 1969 (Act No. IV of 1969) এর আওতায় জারীকৃত মূলধনী যন্ত্রপাতি সংক্রান্ত প্রজ্ঞাপনের মাধ্যমে রেয়াতী সুবিধাপ্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ;

(ঠ) অগ্নি নির্বাপন ব্যবস্থার লে-আউট প্ল্যান দাখিল এবং তাতে অন্তর্ভুক্ত হওয়া সাপেক্ষে প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৫৮-আইন/২০১৭/৪৪/কাস্টমস, তারিখ: ০১.০৬.২০১৭ খ্রিস্টাব্দ এবং এস.আর.ও. নং-১৬১-আইন/২০১৬/ ২৩/কাস্টমস, তারিখ: ০২.০৬.২০১৬ খ্রিস্টাব্দ এর শর্তপূরণ করিয়া আমদানিকৃত ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট;

(ড) কৃষি মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত এইচ.এস. কোড ৩৮০৮.৯১.১০, ৩৮০৮.৯২.১০ এবং ৩৮০৮.৯৩.১০ এর বিপরীতে কৃষিকার্যে ব্যবহার্য কীটনাশক, ছত্রাকনাশক ও আগাছানাশক;

(ঢ) ম্যালেরিয়া নিরোধক, যক্ষ্মা নিরোধক, ক্যান্সার নিরোধক, কুষ্ঠরোগ নিরোধক ঔষধসমূহ, এন্টিবায়োটিক, ছেরা (sera) টক্সিন ও কার্ডিওভাসকুলার ঔষধসমূহ, এন্টি হেপাটিক, এন্টি হেপাটিক এনসেফালোপ্যাথি (encephalo-pathy); অন্যান্য; হোমিওপ্যাথিক, বায়োকেমিক ও সাইকোট্রপিক ঔষধসমূহ (শুধুমাত্র ফ্লুফেনাজিন ডেকানোয়েট, ফ্লুফেনথিকসল ডেকানোয়েট, ক্লোফেনথিকসল ডেকানোয়েট); এনাসথেটিক, সাধারণ ও লোকাল, ইথার এনাসথেটিক বিপি/ইউএসপি, ইথাইল ক্লোরাইড বিপি, সুকসামেথলিয়াস ব্রোমাইড/ ফ্লোরাইড, থাইওপেন্টন সোডিয়াম জাইলোকেইন/ লিডোকেইন/ লিগুওকেইন, এডরেনালিনযুক্ত হউক বা না হউক, প্রোকেইন হাইড্রোক্লোরাইড, এডরেনালিন যুক্ত হউক বা না হউক, কাইটামাইন হাইড্রোক্লোরাইড, কিডনী রোগের ডায়ালিসিস ফ্লুইড, কিডনী সংযোজনের জন্য সাইক্লোসপরিন ঔষধ এবং Erythropoietin (H.S. Code 3002.11.00, 3002.12.00, 3002.13.00, 3002.14.00, 3002.15.00, 3002.19.00, 3002.90.00, 3003.10.00, 3003.20.00, 3003.31.00, 3003.39.10, 3003.39.90, 3003.41.00, 3003.42.00, 3003.43.00, 3003.49.10, 3003.49.90, 3003.90.91, 3003.90.99, 3004.10.00, 3004.20.10, 3004.20.90, 3004.31.00, 3004.32.00, 3004.39.10, 3004.39.90, 3004.41.00, 3003.42.00, 3003.43.00, 3004.49.10, 3003.49.90, 3004.50.00, 3004.90.20);

(ণ) ম্যালেরিয়া নিরোধক, যক্ষা নিরোধক, ক্যান্সার নিরোধক, কুষ্ঠরোগ নিরোধক, কার্ডিওভাসকুলার, এন্টিহেপাটিক এনসেফালোপ্যাথিক (encephalopathy) ঔষধ এবং কিডনী ডায়ালিসিস সলিউশন, Drugs for Thalassaemia (H.S. Code 3004.90.91); এবং

(ত) Artificial joints (H.S. Code 9021.31.00), Hearing aids, excluding parts and accessories (H.S. Code 9021.40.00), Pacemaker for stimulating heart muscles (H.S. Code 9021.50.00), Streptokinase (H.S. Code 3507.90.10), Carriages for disabled persons not mechanically propelled (Wheel chair) (H.S. Code 8713.10.00), হার্ট ভাল্ব (H.S. Code 9021.90.10), অপারেশন ল্যাম্প (H.S. Code 9405.40.10), ভ্যাকসিন (H.S. Code 3002.20.00, 3002.30.00), ইনসুলিন পেন (H.S. Code 9018.39.20)।

২। এই প্রজ্ঞাপন ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি)
সিনিয়র সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৪০-আইন/২০১৯/৭৬-মূসক।–** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 96.19 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 9619.00.00 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত স্যানিটারি ন্যাপকিন ও ডায়াপার, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত নিম্নোক্ত টেবিলে বর্ণিত কাঁচামালসমূহ কেবলমাত্র আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) হইতে শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**টেবিল**

| শিরনামা সংখ্যা (Heading No.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code) | পণ্যের বিবরণ (Description) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩৯.১৯ | ৩৯১৯.৯০.৯১ | রি-সীল/সেলফ এডহেসিভ টেপ |
| ৩৯.২০ | ৩৯২০.১০.২০ | লেমিনেটেড সীট, ফিল্ম ও ফয়েল |
| ৩৯.২১ | ৩৯২১.৯০.১১ | অন্যান্য সীট, ফিল্ম ও ফয়েল (প্রিন্টেড) |
| ৪৮.২৩ | ৪৮২৩.৯০.৯৪ | এয়ার লেইড পেপার |
| ৫৬.০৩ | ৫৬০৩.১২.১০ | টেক্সটাইল ব্যাকসীট (এডিএল) |
| | ৫৬০৩.১৩.১০ | ইলাস্টিক ব্যাক ইয়ার/ইলাস্টিক ওয়েইষ্ট ব্যান্ড |
| ৫৯.০৩ | ৫৯০৩.৯০.৯০ | নীট লুপ টেপ |

**শর্তাবলি:**

(ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে ডায়াপার ও স্যানিটারি ন্যাপকিন উৎপাদনের লক্ষ্যে তদ্‌সংশ্লিষ্ট মেশিনারীজ কারখানা অঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(খ) প্রতিষ্ঠানের ন্যূনতম বিনিয়োগের পরিমাণ অন্যূন ৭৫ (পঁচাত্তর) কোটি টাকা হইতে হইবে;

(গ) প্রতিষ্ঠানের নিজস্ব টেস্টিং ল্যাব থাকিতে হইবে;

(ঘ) প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে;

(ঙ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

(চ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা অন্যূন ২৫০ (দুইশত পঞ্চাশ) জন হইতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

| | | |
|---|---|---|
| (ক) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য সচিব। |

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৭। অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৬ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৮। অনুচ্ছেদ ৫ এর অধীন অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা উহা অনুসন্ধানের জন্য বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

৯। অনুচ্ছেদ ৮ এর অধীন অনুসন্ধানের প্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং অনুচ্ছেদ ৫ এর অধীন প্রদত্ত অব্যাহতির সুবিধা বাতিল করিবার লক্ষ্যে বোর্ডে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক সুপারিশপত্র প্রেরণ করিলে বোর্ড উক্ত সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

১০। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

**পরিশিষ্ট-ক**

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক সংখ্যা | পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code) | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ) | সরবরাহ/ বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/ কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয়সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণা পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখতিয়ারে রহিয়াছে।

৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উপরি-উক্ত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

**নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি)
সিনিয়র সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**এস.আর.ও. নং-২৪১-আইন/২০১৯/৭৭-মূসক।—** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনামা সংখ্যা (Heading No.) 85.07 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট নামকরণ কোড (H.S. Code) এর আওতায় কেবলমাত্র আইডলিং স্টপ/স্টার্ট-স্টপ (Idling stop/ start-stop) প্রযুক্তির মেইনটেনেন্স ফ্রি ও সিলড্ মেইনটেনেন্স ফ্রি ব্যাটারি, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলী:**

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) বা, ক্ষেত্রমত, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ হইতে উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;

(খ) উৎপাদনকারী প্রতিষ্ঠানে আইডিলিং স্টপ/স্টার্ট-স্টপ (Idling stop/start-stop) প্রযুক্তির মেইনটেনেন্স ফ্রি ও সিলড্ মেইনটেনেন্স ফ্রি ব্যাটারি তৈরীর প্রয়োজনীয় মেশিনারিজ কারখানা অঙ্গনে স্থাপিত থাকিতে হইবে;

(গ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে;

(ঘ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্যের আইএসও সার্টিফিকেশন (ISO Certification) থাকিতে হইবে;

(ঙ) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে **'পরিশিষ্ট-ক'** মোতাবেক সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে উক্ত পণ্য প্রস্তুতকরণে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;

(চ) উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা অন্যূন ২০০ (দুইশত) জন হইতে হইবে;

(ছ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের কারখানা সরকার অনুমোদিত ও নির্ধারিত ইন্ডাস্ট্রিয়াল প্লটে স্থাপিত হইতে হইবে;

(জ) প্রযুক্তি হস্তান্তরের লক্ষ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের সহিত ন্যূনতম ৩টি স্বনামধন্য গাড়ী উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যাটারি সরবরাহকারী (Original Equipment Manufacturer) প্রতিষ্ঠানের সহিত কারিগরী সহায়তা চুক্তি (Technical Assistance Agreement) থাকিতে হইবে;

(ঝ) বিক্রয়োত্তর সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব সার্ভিসিং সেন্টার থাকিতে হইবে;

(ঞ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত পণ্য আইডিলিং স্টপ/স্টার্ট-স্টপ (Idling stop/start-stop) প্রযুক্তির মর্মে গাড়ী উৎপাদনকারী প্রতিষ্ঠানের অনুমোদিত ব্যাটারি সরবরাহকারী (Original Equipment Manufacturer) প্রতিষ্ঠানের প্রত্যয়ন থাকিতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

| | | |
|---|---|---|
| (ক) | দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| (গ) | বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | সংশ্লিষ্ট মূসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা | সদস্য সচিব। |

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৭। অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৬ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৮। অনুচ্ছেদ ৫ এর অধীন অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা উহা অনুসন্ধানের জন্য বোর্ড যে কোন সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

৯। অনুচ্ছেদ ৮ এর অধীন অনুসন্ধানের প্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং অনুচ্ছেদ ৫ এর অধীন প্রদত্ত অব্যাহতির সুবিধা বাতিল করিবার লক্ষ্যে বোর্ডে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক সুপারিশপত্র প্রেরণ করিলে বোর্ড উক্ত সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

১০। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

**পরিশিষ্ট-ক**

১। করদাতার নাম:
২। ঠিকানা:
৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:
৪। ঘোষণার তারিখ :

| ক্রমিক সংখ্যা | পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code) | উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ) | সরবরাহ/ বিক্রয়ের একক | পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ | একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচা মাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে) | কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+ সম্পূরক শুল্ক+এলসি ফি+ অবকাঠামো উন্নয়ন সারচার্জ/ স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মূসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য) | মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম | প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ | সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল] | | কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ | মূসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)] [বি:দ্র: যেক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয় সেক্ষেত্রে [কলাম (৭)+(৯)] | | শুল্ক ও করসহ বিক্রয়মূল্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | বর্তমান | প্রস্তাবিত | | বর্তমান | প্রস্তাবিত | পাইকারী | মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) | (১৫) | (১৬) |
| | | | | | | | | | | | | | | | |

১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণা পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখতিয়ারে রহিয়াছে।

৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উপরি-উক্ত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।

তারিখ:

**নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল**

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,** এনডিসি)
সিনিয়র সচিব

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**সাধারণ আদেশ নং-১৩/মূসক/২০১৯।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ-২ এর টেবিলের কলাম (১) এর ক্রমিক নং ৮ এবং উহার বিপরীতে কলাম (৩) এর অনুচ্ছেদ (৩) এ উল্লিখিত “২০১৭” সংখ্যার পরিবর্তে “২০১৯” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(মোঃ তারেক হাসান)**
দ্বিতীয় সচিব (মূসক নীতি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**সাধারণ আদেশ নং-১৪/মূসক/২০১৯।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-০৫/মূসক/২০১৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ-২(ঘ) এ উল্লিখিত "ও বিড়ি" শব্দসমূহ বিলুপ্ত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**(মোঃ তারেক হাসান)**
দ্বিতীয় সচিব (মূসক নীতি)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

**আদেশ**

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ এইচ.এস.কোড ২৪০২.৯০.০০ এর আওতাধীন ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ি খাতে খুচরা মূল্য বৃদ্ধির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মূল্য ও সম্পূরক শুল্ক নির্ধারণের কারণে মাঠ পর্যায়ে গ্রহণীয় কার্যক্রম বিষয়ে দিক-নির্দেশনা।**

**সাধারণ আদেশ নং-১৫/মূসক/২০১৯।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর দ্বিতীয় তফসিল অনুসারে ২৪০২.৯০.০০ এইচ.এস. কোডের অধীনে ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ি খাতের মূল্যস্তর ও সম্পূরক শুল্কের হার নির্ধারণ করা হইয়াছে। নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্ক নিম্নরূপঃ

| শিরনামা সংখ্যা (Heading no.) | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. code) | পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods) | সম্পূরক শুল্ক হার (%) |
|---|---|---|---|
| ২৪.০২ | ২৪০২.৯০.০০ | (ক) বিড়ি (ফিল্টার বিযুক্ত) | |
| | | (১) ৮ শলাকার প্যাকেটের মূল্য ৪.৪৮ টাকা | ৩৫ |
| | | (২) ১২ শলাকার প্যাকেটের মূল্য ৬.৭২ টাকা | ৩৫ |
| | | (৩) ২৫ শলাকার প্যাকেটের মূল্য ১৪.০০ টাকা | ৩৫ |
| | | (খ) বিড়ি (ফিল্টার সংযুক্ত) | |
| | | (১) ১০ শলাকার প্যাকেটের মূল্য ৮.৫০ টাকা | ৪০ |
| | | (২) ২০ শলাকার প্যাকেটের মূল্য ১৭.০০ টাকা | ৪০ |

০২। নূতন মূল্যস্তরের বিপরীতে বিভিন্ন স্ট্যাম্পের ও ব্যান্ডরোলের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ তথা যথাযথ পরিমাণ মূল্য সংযোজন কর (মূসক) ও সম্পূরক শুল্ক আদায়ের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশ প্রদান করিলঃ

(ক) নূতন খুচরা মূল্যস্তরের ভিত্তিতে বিড়ির সরবরাহের লক্ষ্যে সকল বিড়ির (ফিল্টার যুক্ত অথবা বিযুক্ত) উৎপাদনকারীগণকে সংশোধিত মূল্য অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর পরিশোধ সাপেক্ষে পণ্য খালাস গ্রহণ করিতে হইবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিশনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক প্রদেয় সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর আদায় নিশ্চিত করিবেন;

(খ) ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ বা তার পরে সরবরাহ করা সকল বিড়ির ক্ষেত্রেই (পূর্বে উৎপাদিত ও মজুদসহ) নূতন মূল্যস্তর অনুযায়ী শুল্ক-কর আদায় নিশ্চিত করিতে হইবে। ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের পূর্বের ট্যারিফ মূল্যের ভিত্তিতে প্রস্তুতকৃত প্যাকেটে সীল দ্বারা নূতন খুচরা মূল্য মুদ্রণ করিতে হইবে। ব্যবহারের জটিলতা পরিহার করিবার লক্ষ্যে বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান যত শীঘ্র সম্ভব নূতন খুচরা মূল্যের প্যাকেট মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করিবে;

(গ) বিড়ির নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার কার্যকর হওয়ায় যথাযথ পরিমাণ রাজস্ব আদায়ের লক্ষ্যে প্রত্যেক মূসক কমিশনারেটের কমিশনারগণ তাহাদের স্ব-স্ব অধিক্ষেত্রভুক্ত বিড়ির উৎপাদনকারী প্রতিষ্ঠানে "বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯" এর বিধি ৯ অনুযায়ী তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক মূল্য সংযোজন কর কর্মকর্তা পদস্থ করিবেন;

(ঘ) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিটি উৎপাদনকারীর প্রত্যেকটি বিড়ির প্যাকেটের প্রকৃতি, শলাকা সংখ্যা, খুচরা মূল্য, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর হার ইত্যাদির ভিত্তিতে শুল্ক-কর এর পরিমাণ নির্ধারণ করত: রাজস্ব আদায় কার্যক্রম সম্পাদন বা পরিশোধ কার্যক্রম তত্ত্বাবধান করিবেন; এবং

(ঙ) কমিশনারগণ আদেশের (ক) হইতে (ঘ) অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতির বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশ জারি ও তদারকি করিবেন। বাস্তবায়নে কোনো সমস্যা থাকিলে তাহা জরুরি ভিত্তিতে বোর্ডের গোচরীভূত করিবেন। এছাড়া, নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার প্রবর্তনের কারণে ১২ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের বিড়ির সমাপণী মজুদ, পূর্বের স্ট্যাম্প/ব্যান্ডরোল, খালি মোড়ক এবং নূতন স্ট্যাম্প ও ব্যান্ডরোল এবং খালি মোড়কের মজুদ তথ্য ছক 'ক' এ গ্রহণ করিবেন এবং দায়িত্ব প্রাপ্ত মূসক কর্মকর্তা এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অনুমোদিত যৌথ স্বাক্ষর সম্বলিত উক্ত ছকে মজুদ তথ্যের এক কপি সংশ্লিষ্ট মূসক কমিশনারেট সদর দপ্তরে ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে পেশ করিতে হইবে। রাজস্বের হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত তুলনামূলক মাসিক বিবরণী **ছক-খ** এবং **ছক-গ** এ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন।

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৯, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এতদ্‌দ্বারা রহিত করিল।

**ছক-ক**

প্রতিষ্ঠানের নামঃ .......................................
ঠিকানাঃ ..................................................
মূসক নিবন্ধন নং - ......................................
মজুদ গ্রহণের তারিখ ও সময়ঃ ......................

**(ক) উৎপাদিত বিড়ির মজুদ সংক্রান্ত তথ্যঃ**

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরন (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড/হেঞ্জ) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | ব্যান্ডরোলের ডিজাইন (রং) | প্রতি প্যাকেটের মুদ্রিত খুচরা মূল্য | মজুদ পণ্যের প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

**(খ) অব্যবহৃত মুদ্রিত বিড়ির প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্যঃ**

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরন (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | প্রতি প্যাকেটে মুদ্রিত খুচরা মূল্য | মজুদ অব্যবহৃত প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

**(গ) অব্যবহৃত ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্যঃ**

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরন | ব্যান্ডরোল | ব্যান্ডরোলের ডিজাইন (রং) | অব্যবহৃত/ ব্যান্ডরোলের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

**(ঘ) নূতন ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্যঃ (চাহিদা পত্রের ভিত্তিতে)**

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরন (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড/হেঞ্জ) | ব্যান্ডরোল | ব্যান্ডরোলের ডিজাইন (রং) | মজুদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

**(ঙ) নূতন খুচরা মূল্যের ভিত্তিতে মুদ্রিত বিড়ির প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্যঃ**

| ক্রমিক নং | বিড়ির ধরন (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরন (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড/হেঞ্জ) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | প্রতি প্যাকেট মুদ্রিত খুচরা মূল্য | মজুদ প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

**ছক-খ**

## বিড়ির রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারী)

**বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ .........................................।**

**..................................... মাস পর্যন্ত।**

| ক্রমিক নং | বিড়ির ব্রান্ডের নাম (ফিল্টারযুক্ত/ বিযুক্ত) | প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা | ------------ (পূর্ববর্তী) অর্থবছরের ---------------- মাস পর্যন্ত | | | | | | | | ------------ (বর্তমান) অর্থবছরের ---------------- মাস পর্যন্ত | | | | | | | | পার্থক্য ১১-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সম্পূরক শুল্কের হার | খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | সম্পূরক শুল্কের হার | প্রতি প্যাকেটের খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| (১) | | | | | | | | | | | | | | | | | | | |
| (২) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৩) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৪) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৫) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৬) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৭) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৮) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৯) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | |

ছক-গ

**বিড়ির রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারী)**

**বিড়ির উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ ..........................................।**

**মাসের নামঃ ..................................... ।**

| ক্রমিক নং | বিড়ির ব্রান্ডের নাম (ফিল্টারযুক্ত/ বিযুক্ত) | প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা | ------------ (পূর্ববর্তী) অর্থবছরের ---------------- মাস | | | | | | | | ------------ (বর্তমান) অর্থবছরের ---------------- মাস | | | | | | | | পার্থক্য ১১-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সম্পূরক শুল্কের হার | খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | সম্পূরক শুল্কের হার | প্রতি প্যাকেটের খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| (১) | | | | | | | | | | | | | | | | | | | |
| (২) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৩) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৪) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৫) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৬) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৭) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৮) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৯) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**( হাছান মুহম্মদ তারেক রিকাবদার )**
প্রথম সচিব (মূসক নীতি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ]**

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**সাধারণ আদেশ নং-১৬/মূসক/২০১৯।**—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যেই সকল মূসক নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য প্রতিষ্ঠানের সর্বশেষ পূর্ববর্তী আর্থিক বৎসরে মোট বিক্রয় বা টার্নওভার ৫ (পাঁচ) কোটি টাকা বা তাহার অধিক, সেই সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে মূল্য সংযোজন কর সংক্রান্ত দলিলাদি ও হিসাবপত্র জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত মূসক সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের এবং প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর কার্যালয়ে বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত কম্পিউটার সিস্টেমে প্রেরণের লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করিলঃ

২। এই আদেশ অনুযায়ী যেই সকল নিবন্ধিত ব্যক্তির দলিলাদি ও হিসাবপত্র নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের বাধ্যবাধকতা আরোপিত হইয়াছে, সেই সকল প্রতিষ্ঠান উল্লিখিত উদ্দেশ্যপূরণের লক্ষ্যে কেবল জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পরীক্ষিত ও অনুমোদিত যে কোন সফটওয়্যার নির্মাণকারী ও সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট সফটওয়্যার সংগ্রহপূর্বক ব্যবহার করিবে। তবে, কোন করদাতা নিজে কোন সফটওয়্যার তৈরি করিলে তাহা এই আদেশের বৈশিষ্ট্য সম্পন্ন হইতে হইবে। সফটওয়্যার নির্মাণ করিয়া সংশ্লিষ্ট কমিশনারের নিকট অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে আবেদন করিবেন। কমিশনার আবেদন প্রাপ্তির পর তাহা সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এর নিকট প্রেরণ করিবেন। তিনি অনুচ্ছেদ-৬ তে গঠিত কমিটিকে সফটওয়্যারটি পরীক্ষা করিয়া প্রতিবেদন দাখিল করিবার জন্য নির্দেশ প্রদান করিবেন। পরীক্ষা প্রতিবেদন পাওয়ার পর সদস্য (মূসকঃ বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড এর সন্তুষ্টি সাপেক্ষে তাহা অনুমোদন করিবে।

৩। এই আদেশ অনুযায়ী যেই সকল নিবন্ধিত ব্যক্তির দলিলাদি ও হিসাবপত্র নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণের বাধ্যবাধকতা নেই কিন্তু মূসক সংশ্লিষ্ট হিসাবপত্র সফটওয়্যারের মাধ্যমে সংরক্ষণ করিতে ইচ্ছুক, তাহারাও জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত সফটওয়্যার প্রতিষ্ঠানের তালিকা হইতে যে কোন সফটওয়্যার সংগ্রহ করিয়া ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করিতে পারিবে। নিম্নে সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করা হইল-

(ক) **সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় বৈশিষ্ট্যঃ**

(১) প্রতিষ্ঠানকে রেজিষ্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস এর দপ্তর হইতে প্রাইভেট/পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে নিবন্ধিত হইতে হইবে;

(২) সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান হিসাবে ন্যূনতম ৫ (পাঁচ) বছর নিরবচ্ছিন্নভাবে কার্যক্রম পরিচালনা এবং বিক্রয়োত্তর সেবা প্রদান করিবার অভিজ্ঞতা থাকিতে হইবে;

(৩) প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ সংক্রান্ত বা কমিটির বিবেচনায় সমমানের সফটওয়্যার নির্মাণ এবং কমপক্ষে তিনটি মধ্যম বা বৃহৎ প্রতিষ্ঠানে তাহা সফলভাবে স্থাপন করিবার অভিজ্ঞতা থাকিতে হইবে। মধ্যম বা বৃহৎ প্রতিষ্ঠান বলিতে সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, এনজিও, ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান, লিমিটেড কোম্পানি, মাধ্যমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান এবং বৃহৎ করদাতা ইউনিট (মূসক) এর আওতাভুক্ত প্রতিষ্ঠানকে বুঝাইবে; এবং

(৪) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সফটওয়্যারটি অনুমোদন প্রদানের পূর্বে বোর্ডের চাহিদা অনুযায়ী তাহা উপযুক্ত ও কার্যকর কিনা সেই বিষয়ে সরেজমিনে পরীক্ষাপূর্বক নিশ্চিত হওয়ার ব্যবস্থাদি আবেদনকারী কোম্পানির পক্ষ হইতে সম্পন্ন করিতে হইবে।

(খ) **সফটওয়্যার এর প্রয়োজনীয় বৈশিষ্ট্যঃ**

(১) নির্মিত সফটওয়্যারটি মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং তদধীন প্রণীত বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশ পরিপালনে সক্ষমতা সম্পন্ন হইতে হইবে;

(২) সফটওয়্যারটিতে যাবতীয় বাণিজ্যিক কার্যক্রম সংশ্লিষ্ট তথ্যাদি রেকর্ডপূর্বক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এবং তদধীন প্রণীত অন্যান্য বিধানাবলীর আওতায় পূর্ণাঙ্গ অটোমেশনের সুবিধা সম্বলিত ব্যবস্থা সন্নিবেশিত থাকিতে হইবে;

(৩) সফটওয়্যারটিতে ক্রয় হিসাব রেজিস্টার ও বিক্রয় চালানপত্রে কোন তথ্য এন্ট্রি দেওয়ার সঙ্গে সঙ্গে তা স্বয়ংক্রিয়ভাবে বিক্রয় হিসাব, চলতি হিসাব রেজিস্টার (প্রযোজ্য ক্ষেত্রে) এবং দাখিলপত্রে এন্ট্রি ও আপডেট হইতে হইবে;

(৪) সফটওয়্যারটিতে তৃতীয় তফসিলে উল্লিখিত মূসক হার বা সুনির্দিষ্ট করে পণ্য বা সেবা সরবরাহ করিবার সুবিধা সৃষ্টিসহ উৎসে মূসক আদায়/কর্তন, অপচয় ও উপজাত পণ্য ব্যবস্থাপনা, ডেবিট নোট ও ক্রেডিট নোটের ব্যবস্থাপনা, চুক্তিভিত্তিক উৎপাদন, উপকরণ কর রেয়াত ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করিবার সুবিধা থাকিতে হইবে;

(৫) উপকরণ-উৎপাদ সহগ এর ভিত্তিতে উৎপাদিত পণ্য, ব্যবহৃত উপকরণ ও বিক্রয় বা সরবরাহের বিপরীতে প্রকৃত উপকরণ ও উৎপাদিত পণ্যের স্থিতির একটি তুলনামূলক প্রতিবেদন (reconciliation report) প্রতি কর-মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে প্রণীত হইতে হইবে, যাহাতে উপকরণ-উৎপাদ সহগে কোন অসংগতি থাকিলে তাহা তাৎক্ষণিকভাবে চিহ্নিত করা সম্ভব হয়;

(৬) মাসিক দাখিলপত্রসহ অন্যান্য রেজিস্টারাদি (ক্রয় হিসাব, বিক্রয় হিসাব) এবং তৎসংশ্লিষ্ট যে কোন রিপোর্ট অটোমেটেড সিস্টেম হইতে প্রস্তুত ও প্রিন্ট করিবার সুবিধা থাকিতে হইবে;

(৭) সফটওয়্যারে শুধুমাত্র একবার মূল মূসক চালানপত্র ইস্যু করা যাইবে। সফটওয়্যারটিতে যেন একই চালানপত্র দ্বিতীয়বার বা পরবর্তী সময়ে ইস্যু করা না যায় তেমন ব্যবস্থা থাকিতে হইবে; তবে প্রয়োজনে অনুলিপি প্রিন্ট করা যাইবে যাহাতে "অনুলিপি" বা "Copy" জলছাপে বড় অক্ষরে প্রিন্ট করা থাকিবে। এ সংক্রান্ত যেকোন পরিবর্তনের প্রমাণ সফটওয়্যারে সংরক্ষিত থাকিতে হইবে;

(৮) মূসক চালানপত্রে সংখ্যানুক্রমিক (chronologically) নম্বর, সময় ও তারিখ স্বয়ংক্রিয়ভাবে প্রিন্ট করিতে হইবে, যাহা কেবলমাত্র যখনই প্রিন্ট করা হইবে সেই সময় ও তারিখ (System BIOS অনুযায়ী) প্রদর্শন করিবে;

(৯) প্রতিদিনের কার্যক্রম শেষে সেই দিনের কম্পিউটার জেনারেটেড রিপোর্ট ও বিধি মোতাবেক হিসাবরক্ষণ সংক্রান্ত সকল বাণিজ্যিক দলিলাদি, যেমনঃ চালানপত্র, ডেবিট বা ক্রেডিট নোট, ক্রয় রেজিস্টার, বিক্রয় রেজিস্টার, দাখিলপত্র ইত্যাদি, প্রিন্ট করিয়া (যাহাতে প্রিন্ট করিবার তারিখ ও সময় স্বয়ংক্রিয়ভাবে যথাযথভাবে মুদ্রিত হইতে হইবে) প্রতিষ্ঠানের দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর করিয়া সংরক্ষণ করিতে হইবে;

(১০) প্রতি করমেয়াদ শেষে উপর্যুক্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত এই সকল হিসাবরক্ষণ সংক্রান্ত সকল বাণিজ্যিক দলিলাদির হার্ডকপি স্থায়ীভাবে বাঁধাই করিয়া রাখিতে হইবে এবং অন্যূন ৫(পাঁচ) বৎসর পর্যন্ত তাহা সংরক্ষণ করিতে হইবে। মূসক কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যে কোন তথ্য (সফটকপি/হার্ডকপি) যুক্তিসংগত সময়ের মধ্যে সরবরাহ করিতে হইবে;

(১১) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর মাধ্যমে নির্ধারিত ছকের তথ্য ক্ষুণ্ন না করিয়া নিবন্ধিত প্রতিষ্ঠান তাহার প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত তথ্যসহ মূসক চালানপত্র এবং অন্যান্য বাণিজ্যিক দলিলাদি/রেজিস্টার তৈরি ও সংরক্ষণ করিতে পারিবে;

(১২) সফটওয়্যারটিতে জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট মূসক কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য অ্যাকসেস (Access) সুবিধা থাকিতে হইবে;

(১৩) সিস্টেমে মূসক চালানপত্রের সহিত পণ্য ভান্ডার (স্টক) ইন্টিগ্রেটেড থাকিতে হইবে, যেন সিস্টেমে মূসক চালানপত্র ইস্যু করা হইলে বিক্রয় রেজিস্টারের সংশ্লিষ্ট কলামে অভিন্ন সমন্বয় স্বয়ংক্রিয়ভাবে সম্পাদিত হয় এবং স্টকের পরিমাণে ম্যানুয়ালি কোন প্রকার পরিবর্তন করা সম্ভব না হয়;

(১৪) বিক্রিত পণ্য ফেরত বা ক্রয়াদেশ বাতিলের ক্ষেত্রে ডেবিট বা ক্রেডিট নোটের মাধ্যমে তাহা সমন্বয় করিতে হইবে যাহা স্বয়ংক্রিয়ভাবে বিক্রয় হিসাব এবং দাখিলপত্রে তাহা প্রতিফলিত হইবে;

(১৫) জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা ও চাহিদা মোতাবেক বোর্ডের অন্যান্য সফটওয়্যার বা উপাত্ত ভান্ডার বা অন্য কোন প্রতিষ্ঠানের সহিত তথ্য ও উপাত্ত বিনিময়ের সুবিধা থাকিতে হইবে;

(১৬) নিবন্ধিত প্রতিষ্ঠানের ব্যবসায়িক প্রাঙ্গণে সকল তথ্যসহ সিস্টেম পরিচালনা করিতে হইবে। Cloud Server ব্যবহার করা হইলে Database replica নিবন্ধিত প্রতিষ্ঠানের প্রাঙ্গণে সংরক্ষণ করিতে হইবে;

(১৭) ইস্যুকৃত মূসক চালান কোন কারণে বিনষ্ট হইলে বা তাহা বাতিল করিবার প্রয়োজন হইলে তাহা edit ও re-print করিবার সুযোগ থাকিবে না। সেইক্ষেত্রে ডেবিট নোট/ক্রেডিট নোট ব্যবহার করিয়া চালানপত্র বাতিল করিতে হইবে এবং পুনরায় ধারাবাহিক ক্রমিক নম্বর ব্যবহার করিয়া চালানপত্র ইস্যু করিতে হইবে, এবং অন্যান্য মূসক রেজিস্টারের সহিত তাহার link থাকিতে হইবে। উপরন্তু, চালানপত্র বাতিলের সুনির্দিষ্ট কারণ ডাটাবেইজের লগ রিপোর্টে সংরক্ষণ করিতে হইবে, যাহা প্রতি কর মেয়াদ শেষে detail report আকারে প্রণীত হইবে;

(১৮) আইনানুগভাবে ক্ষমতাপ্রাপ্ত যেকোন মূসক কর্মকর্তা সিস্টেমে প্রবেশ করিয়া প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করিতে পারিবেন;

(১৯) Oracle, DB2, SQL ইত্যাদির যে কোনটিকে database backend হিসাবে ব্যবহার করা যাইবে। তবে যে Database ব্যবহার করা হউক না কেন ইহাতে audit trail থাকিতে হইবে। Table এর কোন record edit/delete করা হইলে audit trail log file এ স্বয়ংক্রিয়ভাবে প্রকৃত সময় উল্লেখসহ তথ্য সংরক্ষণ করিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(২০) দাখিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় ম্যানেজমেন্ট রিপোর্ট স্বয়ংক্রিয়ভাবে সিস্টেমে হইতে প্রস্তুত করিবার ব্যবস্থা থাকিতে হইবে এবং দাখিলপত্রসহ বিভিন্ন আবেদন/তথ্যাদি (যেমনঃ মূসক নিবন্ধনের তথ্য পরিবর্তন ইত্যাদি) Integrated VAT Administration System (iVAS) এ জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত data schema অনুযায়ী আপলোড করিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(২১) প্রতিদিনের কার্যক্রম শেষে সকল তথ্য ন্যূনতম দুইটি ব্যাক-আপ নেয়ার ব্যবস্থা থাকিতে হইবে। যেকোন ডেটা হারানোর দায়-দায়িত্ব নিবন্ধিত প্রতিষ্ঠানকে বহন করিতে হইবে। হঠাৎ, বিদ্যুৎ বিচ্ছিন্ন হইলে কোন ডেটা যেন নষ্ট না হয় সেই বিষয়ে ব্যবস্থাসহ তাৎক্ষণিক ব্যাক-আপ এবং স্থায়ী ব্যাক-আপ এর ব্যবস্থা থাকিতে হইবে;

(২২) সফটওয়্যারটিতে hacking এবং tampering সহ সকল ধরণের ঝুঁকি হইতে সুরক্ষার জন্য পরিপূর্ণ নিরাপত্তার ব্যবস্থা থাকিতে হইবে;

(২৩) সিস্টেমে এর ব্যবহার বিষয়ে এবং মূসক অপারেশন বিষয়ক Detailed and Summary রিপোর্ট প্রণয়নের ব্যবস্থা থাকিতে হইবে।

৪। মূল্য সংযোজন কর সংশ্লিষ্ট হিসাবপত্র সংরক্ষণ ও চালানপত্র ইস্যুর জন্য উপযুক্ত সফটওয়্যার নির্মাণ সম্পন্ন করিয়াছে কেবলমাত্র এইরূপ বাংলাদেশে নিবন্ধিত সফটওয়্যার কোম্পানি জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে তালিকাভুক্ত হইবার লক্ষ্যে সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এর নিকট আবেদন করিবেন। আবেদন প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে তাহা যাচাই করিয়া প্রতিবেদন দাখিলের জন্য নিম্নোক্ত কমিটির নিকট প্রেরণ করিতে হইবেঃ

| **ক্রমিক নং** | **কর্মকর্তার পদবী** | **কমিটিতে অবস্থান** |
|---|---|---|
| ১। | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা। | আহ্বায়ক |
| ২। | প্রথম সচিব (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য |
| ৩। | সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪। | অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা। | সদস্য |
| ৫। | বাংলাদেশ এ্যাসোসিয়েশন অফ সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর প্রতিনিধি | সদস্য |
| ৬। | দ্বিতীয় সচিব (মূসক-তথ্য প্রযুক্তি ও পরিকল্পনা) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য-সচিব |

৫। আবেদন প্রাপ্তির পর উক্ত কমিটি নিম্নরূপভাবে কার্যক্রম গ্রহণ করিবেঃ

(১) কমিটির আহবায়ক যথাশীঘ্র সম্ভব কমিটির সদস্যদের উপস্থিতিতে সভার আয়োজন করিবেন। কমিটি উল্লিখিত আদেশের অনুচ্ছেদ-৩ এর উপানুচ্ছেদ (ক) এর আলোকে আবেদনকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য যোগ্য কিনা তা যাচাই করিবে;

(২) কমিটি উল্লিখিত সফটওয়্যারটি অনুচ্ছেদ-৩ এর উপানুচ্ছেদ (খ) এ বর্ণিত বৈশিষ্ট্যের সহিত সামঞ্জস্যপূর্ণ কিনা তা যাচাই করিবে। উল্লেখ্য, কমিটি প্রয়োজনে যে কোন বিশেষজ্ঞের মতামত গ্রহণ করিতে পারিবে। তবে, আবেদনকারী প্রতিষ্ঠান কমিটির চাহিদা মোতাবেক সার্বিক সহযোগিতা প্রদান করিবেন এবং এই সংক্রান্ত সকল ব্যয়ভারও আবেদনকারী বহন করিবেন;

(৩) কমিটি কোন আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক তালিকাভুক্তির বিষয়ে সুপারিশ সম্বলিত প্রতিবেদন সদস্য (মূসকঃ বাস্তবায়ন ও আইটি) এর নিকট দাখিল করিবেন। তবে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করা সম্ভব না হইলে নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হইবার ৭ (সাত) দিন পূর্বেই সময় বৃদ্ধির জন্য সদস্য (মূসকঃ বাস্তবায়ন ও আইটি) এর নিকট আবেদন করিতে হইবে। সদস্য (মূসকঃ বাস্তবায়ন ও আইটি) তার স্বীয় বিবেচনায় সময় বৃদ্ধির আবেদনটি মঞ্জুর করিবেন; এবং

(৪) দাখিলকৃত প্রতিবেদন এর সুপারিশ এবং সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এর সন্তুষ্টি সাপেক্ষে উল্লিখিত সফটওয়্যার তথা নির্মাণকারী/সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য অনুমোদিত হইলে উহা তালিকাভুক্ত করিয়া জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রয়োজনীয় লিংক প্রকাশ করা হইবে।

৬। জাতীয় রাজস্ব বোর্ডের তালিকাভুক্ত সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহ হইতে কোন নিবন্ধিত প্রতিষ্ঠান সফটওয়্যার গ্রহণের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সফটওয়্যার স্থাপনের তিন দিনের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট সফটওয়্যারটি পরীক্ষা করার জন্য আবেদন করিবে। কমিশনার আবেদনটি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এর নিকট প্রেরণ করিবেন। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) নিম্নবর্ণিত কমিটির নিকট ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক স্থাপিত সফটওয়্যার বিষয়ে পর্যবেক্ষণ ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করিবেনঃ

| ক্রমিক নং | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | আহ্বায়ক |
| ২। | সংশ্লিষ্ট কমিশনারেটের অতিরিক্ত/যুগ্ম কমিশনার | সদস্য |
| ৩। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা | সদস্য |
| ৪। | সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| ৫। | প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। | সদস্য-সচিব |

দাখিলকৃত প্রতিবেদন এর সুপারিশের আলোকে সংশ্লিষ্ট কমিশনার ও কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

৭। সফটওয়্যারে কোন ত্রুটি-বিচ্যুতি বা আইনগত পরিবর্তনের কারণে যদি সাময়িকভাবে সফটওয়্যারটি ব্যবহার করা না যায়, তাহা হইলে ঐ সময়ের জন্য ম্যানুয়াল পদ্ধতিতে হিসাবপত্র সংরক্ষণ করিতে হইবে, সফটওয়্যারটি ত্রুটিমুক্ত হইবার পর ম্যানুয়াল পদ্ধতিতে সংরক্ষিত তথ্যাদি সফটওয়্যারে ধারণ করিতে হইবে এবং এ সংশ্লিষ্ট সকল দলিলপত্রের হার্ডকপি মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধানমতে নির্ধারিত অন্যূন ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিতে হইবে।

৮। যেইসকল মূসক নিবন্ধিত প্রতিষ্ঠান ইতোপূর্বে কমিশনার কর্তৃক অনুমোদিত সফটওয়্যার স্থাপন করিয়াছে, সেইসকল প্রতিষ্ঠানের সফটওয়্যার সরবরাহকারীগণ প্রযোজ্য বৈশিষ্ট্য প্রতিপালনপূর্বক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর সর্বশেষ বিধি-বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ ও হালনাগাদ করিয়া আগামী ৩১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে তাহাদের নির্মিত সফটওয়্যারসমূহ পরীক্ষা করিবার জন্য অনুচ্ছেদ-৪ এ বর্ণিত কমিটি বরাবরে আবেদন করিবেন। কমিটি স্বীয় বিবেচনায় উপযুক্ত মনে করিলে সংশ্লিষ্ট সফটওয়্যারটিকে অনুচ্ছেদ-৫ এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক তালিকাভুক্ত করিবার ব্যবস্থা গ্রহণ করিবে। যেই ক্ষেত্রে কোন অসম্পূর্ণতা বা সীমাবদ্ধতা পাওয়া যাইবে সেই সকল ক্ষেত্রে আরো সংস্কারের জন্য সুনির্দিষ্টভাবে সফটওয়্যার ব্যবহারকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

৯। সফটওয়্যার তালিকাভুক্তি, সফটওয়্যার তালিকাভুক্তির শর্ত, সফটওয়্যার ব্যবহারকারীর করণীয় এবং এই সংক্রান্ত উদ্ভুত যে কোন বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় নির্দেশনা ও ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

১০। নিবন্ধিত প্রতিষ্ঠান কর্তৃক সফটওয়্যারটি স্থাপনের পর কোন সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে উহা সংগ্রহ করা হইয়াছে এবং ক্ষেত্রমত, ইহাতে কোন সমস্যার সম্মুখীন হইলে অথবা সফটওয়্যারে কোনরূপ পরিবর্তনের প্রয়োজন হইলে তাহা এই আদেশে বর্ণিত কমিটির আহবায়ককে সফটওয়্যার স্থাপনের ২১ (একুশ) দিনের মধ্যে অবহিত করিতে হইবে। কমিটি সফটওয়্যার সরবরাহকারীর সহিত যোগাযোগ করিয়া এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

১১। (ক) কমিশনার তালিকাভুক্ত সফটওয়্যার নির্মাণকারী যে কোন প্রতিষ্ঠানকে সফটওয়্যার পরিচালনাকারী প্রতিষ্ঠান নিরীক্ষা, কর নির্ধারণ বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে কারিগরী সহায়তা প্রদানের জন্য অনুরোধ করিতে পারিবেন। তালিকাভুক্ত সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠান সহায়তা প্রদানে বাধ্য থাকিবে।

(খ) জাতীয় রাজস্ব বোর্ডের তালিকাভুক্ত নিবন্ধিত সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠান মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও তদধীনে প্রণীত বিধি-বিধান লঙ্ঘন করলে এবং তজ্জন্য কোন প্রকার অনিয়ম বা কর ফাঁকি বা অপরাধ সংগঠিত হইলে তালিকাভুক্ত সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠান উল্লিখিত আইনের ধারা ৮৫, ক্ষেত্রমতো, ধারা ১১১, ১১২, ১১৬ অনুযায়ী দন্ডিত হইবেন এবং জাতীয় রাজস্ব বোর্ড সফটওয়্যার নির্মাণকারী প্রতিষ্ঠানের তালিকা হইতে দন্ডপ্রাপ্ত প্রতিষ্ঠানকে তালিকা হইতে বাদ দিতে পারিবেন। ভবিষ্যতে দন্ডিত প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ডের সহিত বা রাজস্ব সংক্রান্ত কোন সফটওয়্যার নির্মাণ, বিপণন বা এতদসংক্রান্ত কার্যক্রম অংশগ্রহণ করিতে পারিবেন না।

১২। সফটওয়্যার পরিচালনাকারী প্রতিষ্ঠান ক্ষমতাপ্রাপ্ত যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তাকে সফটওয়্যার সামগ্রিকভাবে প্রদর্শন করিতে বাধ্য থাকিবেন। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার চাহিদা অনুযায়ী সকল তথ্য প্রদান করিবেন। অন্যথায়, মূল্য সংযোজন কর ও সম্পূরক আইন, ২০১২ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৩। এই আদেশ অনুযায়ী সকল মূসক নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যক্তি যাহাদের বার্ষিক মোট বিক্রয় ৫ (পাঁচ) কোটি টাকা বা উহার অধিক তাহাদের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক তালিকাভুক্ত মূসক সফটওয়্যার আগামী ১ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ব্যবহার করা বাধ্যতামূলক করিল।

১৪। যেইসকল প্রতিষ্ঠান এই আদেশ প্রতিপালনে ব্যর্থ হইবে সেইসকল প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৮৫ অনুযায়ী ব্যবস্থা গৃহীত হইবে। এতদ্ব্যতীত ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-০৮/মূসক/২০১৯, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এতদ্দ্বারা রহিত করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**( হাছান মুহম্মদ তারেক রিকাবদার )**
প্রথম সচিব (মূসক নীতি)

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd